পটুয়াখালীতে সাপুড়ের কাছ থেকে ৫ ফুট লম্বা বার্মিজ পাইথন উদ্ধার

written by Chandradip News24 | December 31, 2024

পটুয়াখালীর মুচিরপুল এলাকায় তথাকথিত সাপুড়ের কাছ থেকে একটি ৫ ফুট দৈর্ঘ্যের বার্মিজ পাইথন উদ্ধার করা হয়েছে। সোমবার (৩০ ডিসেম্বর) রাতে যৌথ অভিযান চালিয়ে সাপটি উদ্ধার করে এ্যানিমেল লাভার্স অব পটুয়াখালী এবং উপকূলীয় বন বিভাগ।

এ্যানিমেল লাভার্স অব পটুয়াখালী’র সদস্য মো. আসাদুল্লাহ হাসান মুসা জানান, মুচিরপুল এলাকায় সাপ দেখিয়ে ভয় দেখিয়ে তাবিজ বিক্রির অভিযোগে হানিফ মিয়া নামের এক ব্যক্তিকে শনাক্ত করা হয়। অভিযানের সময় তার কাছ থেকে বার্মিজ পাইথনটি উদ্ধার করা হয়। পরে মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দেওয়া হয়।

উদ্ধার করা সাপটি বর্তমানে উপকূলীয় বন বিভাগের অফিসে পরিচর্যায় রাখা হয়েছে। বন বিভাগের কর্মকর্তারা জানান, সাপটি কয়েকদিনের মধ্যে রিজার্ভ ফরেস্টে অবমুক্ত করা হবে।

বার্মিজ পাইথন সাপ প্রাকৃতিক পরিবেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

করে। এদের বাঁচিয়ে রাখা বন্যপ্রাণী এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় অত্যন্ত জরুরি।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম